

ত্রিপুরা সরকার
কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর

প্রধানমন্ত্রী কৃষি সন্মান নিধি (PM-KISAN)
(বনাধিকার আইনে পাট্টা প্রাপকদের জন্য অতিরিক্ত সংযোজন)

এতদ্বারা রাজ্যের পাট্টা প্রাপক কৃষকভাইদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী “ত্রিপুরা রাজ্য বনাধিকার আইন -২০০৬” অনুসারে যেসকল উপজাতি কৃষক বন্ধুরা জমির “পাট্টা” প্রাপ্ত হয়েছেন উনারাও কেন্দ্রীয় সরকারের ঘোষিত “প্রধানমন্ত্রী কৃষি সন্মান নিধি” (PM-KISAN) প্রকল্পে, সর্বোচ্চ ০২ (দুই) হেক্টর জমি- সম্পন্ন হলে, বছরে তিন কিস্তিতে মোট ৬ হাজার টাকা আর্থিক সাহায্য পাবেন। উক্ত প্রকল্পে প্রদেয় সহায়তা পাবার জন্য পাট্টা প্রাপক কৃষকভাইদের নিজ নিজ গ্রাম পঞ্চায়েত / ভিলেজ কমিটি অফিসে নিম্নে বর্ণিত ফরমে নিজেদের নাম নথিভুক্ত করার জন্য অনুরোধ করা হচ্ছে।

এই প্রকল্পে সুবিধা পাওয়ার জন্য আবেদন করতে আধার কার্ড, রেশন কার্ড, ব্যাঙ্কের পাশবই এবং জমির পাট্টার আসল (অরিজিনাল) কপি সঙ্গে আনতে হবে। প্রয়োজনীয় ভেরিফিকেশনের পর আসল (অরিজিনাল) কপি সাথে সাথেই আবেদনকারীকে ফেরৎ দেওয়া হবে। তবে জমির পাট্টার জেরক্স কপি আবেদনপত্রের সাথে জুড়ে দিতে হবে।

নথিভুক্তকরণের সময়সীমা ১৮ থেকে ২২ই ফেব্রুয়ারি, ২০১৯ সকাল ১০টা থেকে।

বিশদ জানতে www.pmkisan.nic.in / www.agritripura.gov.in / স্থানীয় কৃষি সহায়ক অথবা আঞ্চলিক কৃষি অফিসে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

বিশেষ দ্রষ্টব্য:- পত্রিকায় প্রকাশিত ফরম ব্যবহার করেও আবেদন করা যেতে পারে এবং www.agritripura.gov.in, website থেকে ডাউনলোড করা যেতে পারে।

(ডঃ ডি.পি.সরকার)
কৃষি অধিকর্তা